# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৪. নূহ (আ) এর নৌকায় মলত্যাগ করা ও পরিষ্কার করা

এ বিষয়ে অনেক মুখরোচক গল্প প্রচলিত রয়েছে। এগুলোর কোনো ভিত্তি কোনো সহীহ বা যয়ীফ হাদীসে আছে বলে জানতে পারি নি। বাহ্যত এগুলো বানোয়াট গল্প যা গল্পকাররা বানিয়েছে। নূহ (আঃ) এর নৌকার বিবরণ, কোন্ কাঠে তৈরি, তাতে কোন্ প্রাণী কোথায় ছিল, শয়তান কিভাবে প্রবেশ করল ইত্যাদি বিষয়েও অগণিত বানোয়াট ও ভিত্তিহীন কাহিনী প্রচলিত। এ সকল বিষয়ে সহীহ হাদীসে কোনো তথ্য দেয়া হয় নি।[1]

## ফুটনোট

[1] মুহাম্মাদ আবূ শাহবাহ, আল-ইসরাঈলিয়্যাত, পৃ. ২১৬-২১৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4774

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন